# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

ফোন ঃ ০২২২৩৩৮৬৯১১
পিএবিএক্স ঃ ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩
ই-মেইল ঃ dgmpd2@krishibank.org.bd; www.krishibank.org.bd


নং-প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/৩৭(১)(২২)/২০২২-২০২৩/১৩৯৮

তারিখ ঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থল ত্যাগ না করা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কর্মরত নির্বাহীগণের অনেকেই কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না করে বিশেষতঃ সপ্তাহের শেষ কর্মদিবসে অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করে থাকেন এবং সাপ্তাহিক ছুটি ভোগ শেষে (রবিবার) বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন। সাপ্তাহিক ছুটি ব্যতীত অন্যান্য দিনেও কেউ কেউ কর্মস্থলে অবস্থান না করে অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করেন এবং পরবর্তী কর্মদিবসে বিলম্বে কর্মস্থলে উপস্থিত হন। প্রতি সপ্তাহের শেষে নির্বাহীগণের কর্মস্থল ত্যাগের ফলে সংশ্লিষ্ট নির্বাহীর নিয়ন্ত্রণাধীন কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যেও একইভাবে অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ এবং পরবর্তী কর্মদিবসে বিলম্বে উপস্থিতির প্রবণতা দেখা যায়। ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের এহেন কর্মকান্ডে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন। উপরন্ত এ ধরণের আচরণের ফলে ব্যাংকের সামগ্রিক কর্মকান্ডেও নেতিবাচক প্রভাব পড়ে।

০২। উল্লেখ্য, শাখা ব্যবস্থাপকগণের কর্মস্থলে অবস্থানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও কোন কোন শাখা ব্যবস্থাপকের কর্মস্থলে অবস্থান না করার বিষয়টি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে, যা কোনভাবেই কাম্য নয়। তাই শাখা ব্যবস্থাপকগণের কর্মস্থলে অবস্থানের বিষয়টি সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ নিশ্চিত করবেন। অন্যদিকে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের কর্মস্থলে অবস্থানের বিষয়টি সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগন নিশ্চিত করবেন।

০৩। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে বিভিন্ন ব্যবসায়িক খাত ভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে বর্তমান সময় পর্যন্ত আনুপাতিক অর্জন মোটেই সন্তোষজনক নয়। যা কোন অবস্থাতেই কাম্য নয়।

০৪। এমতাবস্থায়, মাঠ পর্যায়ে কর্মরত সকল নির্বাহী এবং সংশ্লিষ্ট নির্বাহীর নিয়ন্ত্রণাধীন কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে (সাপ্তাহিক/সরকারী ছুটি সহ) কর্মস্থল ত্যাগ না করার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া হলো। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগকারী সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণকে জবাবদিহিতার সম্মুখীন হতে হবে এবং প্রয়োজনে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৪.১২.২২

(মোঃ জয়নাল আবেদীন)
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ

---

নং-প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/৩৭(১)(২২)/২০২২-২০২৩/১৩৯৮(২৫০)

তারিখ ঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। নথি/মহানথি।

14/12/22

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক